



দ্বিতীয় প্রকাশে ঈশানের কথা

১৬ই জুন ২০২০

জীবন ঘটনা বহুল ... ঘটনা-দুর্ঘটনার আবর্তেই আমাদের ঘোরাফেরা ...

গত ২৭শে মে ছিলো বরাক উপত্যকার জন্য এক অন্ধকার রাত। আমরা হারালাম এক স্বনামধন্য সাংবাদিক তথা সমাজকর্মীকে। পীযুষ দাসের এই অপত্যশিত মৃত্যু এক বিরাট ক্ষতি। একজন সংবেদনশীল পরিবেশ কর্মী হিসেবে পীযুষ দাস চিরদিন আমাদের মনে থাকবেন।

এই দুঃখের আবহের মধ্যেই ২রা জুনের ঘটনা আমাদেরকে আবার বজ্রাহত করল। একই দিনে, একই রকমের প্রাকৃতিক দুর্যোগ বরাক উপত্যকার তিনটি জেলা মিলিয়ে কেড়ে নিল ২১টি প্রাণ। এই ভূমি ধ্বসের ঘটনা এই উপত্যকার মত বৃষ্টি বহুল অঞ্চলে প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলায় প্রয়োজনীয় প্রস্তুতির অপ্রতুলতা আরও একবার প্রমাণ করে দিল। আর, এই ২১টি মৃত্যুর বিনিময়ে আমরা আবার জাতীয় সংবাদ মাধ্যমে স্থান করে নিতে পারলাম। কি বিচিত্র পরিহাস!

সময় চলমান। তাই এরই মধ্যে মাধ্যমিক পরীক্ষার রেজাল্ট ঘোষিত হলো। ঈশান কথার পক্ষ থেকে সকল সফল ছাত্রছাত্রীদের প্রতি রইলো শুভেচ্ছা। উজ্জ্বল ভবিষ্যতের শুভ কামনা রইলো অনিশা ও তাসনিম -এর প্রতি। একই সাথে শিক্ষক-শিক্ষিকা-অভিভাবক সহ আমাদের সকলকে বিশেষ মনোযোগী হতে হবে তথাকথিত অসফল ছাত্রছাত্রীদের প্রতি। নিশ্চিত করতে হবে ওরা যাতে হারিয়ে না যায়।

এবারের ছোটদের জানালা বিভাগে রয়েছে দুজন অত্যন্ত সম্ভাবনাময় ছাত্রের সাথে কথোপকথন। দীপংকর ও রাহুল, নিম্নবিত্ত পরিবারের দুই সংগ্রামী ছেলে। এছাড়া সমাজনীতি-রাজনীতি-অর্থনীতি বিভাগে রয়েছে রঞ্জন কান্তি ভট্টাচার্যের সাথে আলাপচারিতা। এটা কোভিড ১৯ এর আর্থ-সামাজিক প্রভাবের উপর সিরিজের ২য় পর্ব। কৃষ্টি সংস্কৃতি বিভাগে রয়েছে কাজী নজরুলের ইসলামী সংগীতের উপর একটি সংগীতালেখ্য।

গত ৫ ই জুন ছিল পরিবেশ দিবস। ডঃ পার্থংকর চৌধুরীর কলমে উঠে এসেছে দেশের স্বনামধন্য বিভিন্ন পরিবেশ আন্দোলনকারীদের কথা। রয়েছে প্রয়াত পীযুষ দাসের নিজের লেখা একটি প্রবন্ধ। নিয়মিত লেখকদের রচনা ছাড়া আছে নজরুল ইসলামের সিলেট ভ্রমণের উপর অরবিন্দ রায়ের লেখা। উত্তম কুমার রায়ের লেখনীতে সিলেটি কবিতা।

সম্প্রতি জাতীয় স্তরে আসাম বিশ্ববিদ্যালয় এর অবনমন এবং এর পরবর্তীতে উপাচার্যের ভাষ্য সর্বস্তরে সমালোচনার আবহ তৈরি করেছে। এরই পরিপ্রেক্ষিতে মত-অভিমত বিভাগে আসাম বিশ্ববিদ্যালয় এর ছাত্র সংসদের সাধারণ সম্পাদক অরিন্দ্র ধরের সাথে রইলো অনুপ ধরের ভাষ্য। এবারের সংখ্যা থেকে প্রতিটি উপস্থাপনার নীচে 'কমেন্ট' করার সুবিধা রাখা হয়েছে। আপনাদের সবার কাছে সুচিন্তিত মতামত জানানোর সনির্বন্ধ আবেদন রইলো।

Incidents continue to happen ... Time passes by ...

In last couple of weeks , Barak Valley has gone through a mixed experience of happiness and sadness . The gloomy night of 27th May 2020 shocked us with an unexpected tragic news . Renowned Journalist and Social worker Pijush Das has left us all for good . His demise is a great loss to the valley . Pijush Das's contribution in the field of Environment oriented Movement in the valley will be remembered forever . Before long that we could come out of the trauma --- all the three districts --- Cachar , Karimganj & Hailakandi were being shocked again . The dreadful day of 2nd June 2020 took away 21 lives by landslides due to heavy rain . In medialect , probably --- 21 is mere Casualty numbers and we could mark our existence on the national media at the cost of these mere numbers . The accidents claim sincere attention . It reflects the lack of proper plans for preventing such landslides in a heavy-rainfall-region like ours . 'Team Ishan Kotha' conveys deep condolence to all the families .

Amidsts these sorrowful incidents , the H.S.L.C. result has incorporated some amount of fresh air in the gloomy atmosphere . We congratulate all the students who have succeeded in the examination . We also wish a prosperous future to Anisha Roy & Tasneem Barbhuiyan . Besides , we hope that teachers and parents of the unsuccessful students will be more attentive to the children . We should be extra vigilant and caring in helping them to come out of this gloomy phase . Let them know that the buck does not stop with a mere H.S.L.C Examination . Life has something more to offer .

In our Children's section --- we have a talk with Dipankar Sutradhar & Rahul Biswas , two promising students of Public Higher Secondary School , Silchar . Apart from this , in our audio-visual arena we have an interview with Ranjan Kanti Bhattacharjee (2nd part of the series on Covid19 effect) and also a musical tribute to Kazi Nazrul Islam (Islamic songs of Nazrul) --- in the Social-Political-Economic Overview section and Culture & Heritage section respectively .

To commemorate World Environment Day , we have a write up of Dr. Parthankar Choudhury on the contribution of eminent environmental activists of our nation . Along with Articles by our Regular Contributors, a special writeup on Barak Dam by Late Pijush Das has been published. Also Arabinda Ray's article on Kazi Nazrul's Sylhet Tour is another special article along with other write-ups .

The recent news of degradation of Assam University in the list of latest NIRF ranking was also unexpected . Moreover , respected Vice-Chancellor's comment on the issue has invited criticism from all around . As a follow up process of the development , we have included the opinion & counter opinions of Aritra Dhar , G.S.Assam University Student's Union & Anup Dhar on this matter .

From this episode, we have included 'comment box' below every individual write up and audio-visuals . We hopefully look forward for your participation and comment after going through all the contents covering other sections .